তারিখ ..27 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ৪ ...

148

# ৮টি ছাত্র সংগঠনের নয়া জোট ।। শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধে তিন সপ্তাহের কর্মসূচী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সন্ত্রাস ও নৈরাজ্যের কবল থেকে শিক্ষাঙ্গনকে রক্ষার প্রত্যয়ে ৮টি প্রগতিশীল ছাত্র সংগঠন গণতান্ত্রিক ছাত্র ঐক্য নামে একটি জোট গঠন করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এ ঘোষণা দেয়া হয়। এই নয়া জোট ৫ দফা আশু দাবীসহ ১০ দফা দাবীতে প্রায় ৩ সপ্তাহের কর্মসূচী ঘোষণা করেছে।

৫ দফা আশু দাবীর মধ্যে রয়েছে : অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠানকে সন্ত্রাসমুক্ত করা; বন্ধ শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া; নিরপেক্ষভাবে সন্ত্রাসীদের গ্রেফতার ও সকল হত্যাকাণ্ডের বিচার; জাতীয় আয়ের শতকরা ৮ ভাগ শিক্ষা খাতে বরাদ্দ; সংবিধানের ২য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও ১০ সংশোধনী বাতিল; সকল ছাত্র ও রাজবন্দীর মুক্তি, মামলা প্রত্যাহার এবং সাধারণ ক্ষমা বাতিল করে '৭১-এর ঘাতকদের বিচার করা।

এসব দাবী আদায়ের জন্য ঘোষিত কর্মসূচীর মধ্যে রয়েছে : ৬ই অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসবিরোধী সমাবেশ ও র‍্যালী; ১০ই অক্টোবর শহীদ জেহাদ দিবস পালন; ১২ই অক্টোবর থেকে ২৭শে অক্টোবর পর্যন্ত সারাদেশে প্রচার, গণসংযোগ, ছাত্রসভা ও পথসভা এবং ২৮শে অক্টোবর ঢাকায় সমাবেশ ও আন্দোলনের পরবর্তী কর্মসূচী ঘোষণা।

সাংবাদিক সম্মেলনে বলা হয় যে, প্রত্যাশা নিয়ে '৯০-এর

নয়া ছাত্রজোট : পৃঃ ৮ কঃ ৬

## নয়া ছাত্রজোট : তিন সপ্তাহের কর্মসূচী

( ১ম পাতার পর )

গণঅভ্যুত্থানে এদেশের ছাত্র-জনতা বুকের রক্ত দিয়েছিল। বিএনপি সরকার সেই প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে। স্বৈরাচারী এরশাদের সহযোগী গণদুশমনদের বিচার হয়নি। বরং,কেউ কেউ মন্ত্রিসভায় ঠাঁই পেয়েছেন।

সাংবাদিক সম্মেলনে ছাত্র-সমাজের গৌরবোজ্জ্বল ঐতিহ্যকে নস্যাৎ করে আধিপত্য বিস্তারের চেষ্টার মাধ্যমে শিক্ষাঙ্গনকে গভীর সংকটের মধ্যে ঠেলে দেয়ায় ছাত্রলীগ (আ-অ) ও ছাত্র দলকে দায়ী করা হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রনেতা নাজমুল হক প্রধান। ১০ দফা দাবী উত্থাপন করেন রুহিন হোসেন প্রিন্স, ৫ দফা আশু দাবীনামা উপস্থাপন ও কর্মসূচী পাঠ করেন রাগীব আহসান মুন্না। এতে বক্তব্য রাখেন ও বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ছাত্রনেতা বেলাল চৌধুরী, নূর আহমেদ বকুল, শফি আহমেদ, আব্দুস সাত্তার খান, রাজেকুজ্জামান রতন, ফয়জুল হাকিম লালা, সৈয়দ জাহাঙ্গীর প্রমুখ।